অভিলেখ —

'অভিলেখ' শব্দটির ইংরাজি সমার্থক রূপে 'Epigraphy' এবং 'Inscription' শব্দদুটি ব্যবহৃত হয়।

'Epigraphy' এই ইংরাজি শব্দটি 'গ্রীক'-শব্দ epigraphē < epigraphein থেকে এসেছে। গ্রীক 'epi' বা 'ep' উপসর্গ এবং graphein ধাতু সহযোগে epigraphein শব্দটি গঠিত। epi বা ep এই উপসর্গের আক্ষরিক অর্থ হল on, upon, over, above, এবং graphein ধাতুর অর্থ হল 'to write'. অর্থাৎ কোন কঠিনবস্তুর উপর উৎকীর্ণ অক্ষর বা অক্ষরসমূহই সাধারণভাবে 'অভিলেখ' বাচ্য।

'Inscription' এর মূল ধাতু 'inscribe', যা ল্যাটিন inscrebere থেকে এসেছে।

অভিলেখের প্রকারভেদ :—

I) বিষয়গত বিভাগ

1) রাজপ্রশস্তি এবং দানমূলক অভিলেখ।
2) ভূমিদান পত্র (তাম্রশাসন)
3) ব্যক্তিগত দানাভিলেখ
4) স্মারক অভিলেখ
5) Label Inscription
6) তীর্থযাত্রী ও ভ্রমণকারীদের অভিলেখ
7) ধর্মীয় অভিলেখ
8) কাব্য অভিলেখ
9) সীল (seal) অভিলেখ
10) বিমিশ্র বা বিবিধ অভিলেখ

II) উপাদানগত বিভাগ

1) প্রস্তর – পর্বতগাত্র, প্রস্তরখণ্ড, প্রস্তরফলক, পর্বতগুহা, মন্দির, অট্টালিকা, মূর্তি, ভাস্কর্য ....
2) ধাতু – তাম্র, ব্রোঞ্জ, পিতল, লৌহ, স্বর্ণ, রৌপ্য ....
3) মৃত্তিকা – পোড়ামাটি, ইট, মৃৎপাত্র ...
4) অন্যান্য উপাদান – স্ফটিক, কাঁচ, হাতির দাঁত, প্রাণীর শক্ত খোলস।

Scanned with CamScanner